



“শেখ হাসিনার বারতা  
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ শিশু একাডেমি  
দোয়েল চত্বর সড়ক  
শাহবাগ, ঢাকা-১০০০  
[www.shishuacademy.gov.bd](http://www.shishuacademy.gov.bd)



স্মারক নম্বর: ৩২.০৩.০০০০.১০০.২৩.৪০১.০৩৪.২১-১০৫৬(২১০০)

তারিখ: ২৮ এপ্রিল ২০২২ খ্রি:

বিষয় : জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা ২০২১ আয়োজন প্রসঙ্গে।

সূত্র : স্মারক নং-৩২.০৩.০০০০.৪০১.২৩.০৩৪.২১-২১(২১০০) তারিখ : ০৩.০১.২০২২

জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা, ২০২১ আয়োজন সংক্রান্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, উল্লেখিত সূত্রোক্ত স্মারকের মাধ্যমে প্রতিযোগিতার সময়সূচি এবং বাজেট বিভাজন প্রদান করা হয়েছিল। পরবর্তীতে মহিলা ও শিশু বিষয় মন্ত্রণালয়ের স্মারক নং-৩২.০০.০০০০.০৪১.২৩.০২১.২০.১৬ তারিখ : ২৪.০১.২০২২ খ্রি: এর মাধ্যমে প্রতিযোগিতা স্থগিত করা হয়। মহিলা ও শিশু বিষয় মন্ত্রণালয়ের স্মারক নং-৩২.০০.০০০০.০৪১.২৩.০২১.২০.৯৭ তারিখ : ২৭.০৪.২০২২ খ্রি: এর মাধ্যমে জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা ২০২১ আয়োজন বিষয়ে কার্যক্রম গ্রহণ করার জন্য বলা হয়। সে আলোকে জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা ২০২১ এর পরিবর্তিত সময়সূচি

ক. থানা/উপজেলা পর্যায় : ১৬ মে থেকে ১৮ মে ২০২২  
খ. জেলা পর্যায় : ২২ মে থেকে ২৪ মে ২০২২  
গ. বিভাগীয় পর্যায় : ২৮ মে থেকে ৩০ মে ২০২২

জাতীয় পর্যায়ের সময়সূচি পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে।

প্রতিযোগিতায় অধিকসংখ্যক শিশুসহ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী শিশুদের অংশগ্রহণ নিশ্চিত করতে স্কুল ও শিশু সংগঠনগুলোতে ব্যাপক প্রচারের ব্যবস্থা করতে হবে।

এ সংক্রান্ত নিয়মাবলি সংশ্লিষ্ট জেলা/উপজেলায় প্রেরণ করা হয়েছে।

জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা ২০২১ সফল করতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : ০৩ (তিন) ফর্দ।

মো: শরিফুল ইসলাম

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

বাংলাদেশ শিশু একাডেমি

ফোন : +৮৮০২২২৩৩৮৯০৬১

ই-মেইল : [dgbsa22@gmail.com](mailto:dgbsa22@gmail.com)

প্রাপক:

১. জেলা প্রশাসক ও সভাপতি, বাংলাদেশ শিশু একাডেমি, জেলা শাখা পরিচালনা কমিটি..... জেলা।
২. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা পর্যায়ে জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা উদ্যাপন কমিটি .....উপজেলা..... জেলা।
৩. জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার..... জেলা।
৪. জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, বাংলাদেশ শিশু একাডেমি,.....জেলা।(প্রতিযোগিতা আয়োজনের জন্য সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসার বরাবর চিঠি ও নিয়মাবলি জরুরি ভিত্তিতে প্রেরণের অনুরোধ করা হলো)।
৫. জেলা তথ্য অফিসার,..... জেলাতে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৬. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার,.....উপজেলা.....জেলা।
৭. উপজেলা/থানা শিক্ষা অফিসার,.....উপজেলা.....জেলা।
৮. হিসাব রক্ষণ অফিসার, বাংলাদেশ শিশু একাডেমি।
৯. উপজেলা শিশু বিষয়ক কর্মকর্তা,..... উপজেলা..... জেলা।
১০. অফিস কপি।